গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
**www.wewb.gov.bd**

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২৩৫ তারিখ: ২৮ আগস্ট ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জুলাই ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১৪ আগস্ট ২০১৮, সময় : সকাল- ০৯.৩০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত জুলাই ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। | আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| | | সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। তাছাড়া মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণ সংক্রান্ত একটি আলাদা কলাম সংযোজন করার নির্দেশনা প্রদান করেন। | মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সম্পর্কিত নির্ধারিত "ছক" এ বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণ সংক্রান্ত একটি আলাদা কলাম সংযোজন করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার | (ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেমের মাধ্যমে ব্যবহৃত হওয়ায় মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যলয়ের এটুআই কর্তৃক প্রশংসিত হয়। কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীগণ সাফল্যের সাথে এ অত্যাধুনিক প্রযুক্তি (ইআরপি সিস্টেম) ব্যবহারে প্রতিষ্ঠানটির সুনাম বৃদ্ধি পাওয়ায় মহাপরিচালক কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে মর্মে মহাপরিচালক বোর্ডের সকল কর্মকর্তা/ কর্মচারীকে অবহিত করেন। ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সম্ভাব্য উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানকে সর্বোচ্চ | (ক) ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সম্ভাব্য উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানপূর্বক সুন্দর ও সুচারুরূপে আয়োজনের লক্ষ্যে পরিচালক (আইআরপি) এর নেতৃত্বে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), উপ-পরিচালক (কল্যাণ), সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার (ওয়েব) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অগ্রাধিকার প্রদানপূর্বক সুন্দর ও সুচারুরূপে আয়োজনের লক্ষ্যে পরিচালক (আইআরপি) এর নেতৃত্বে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), উপ-পরিচালক (কল্যাণ), সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার (ওয়েব) এর সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।<br>(খ) ইআরপি সিস্টেম ব্যবহারে হিসাব শাখার উদ্ভূত সমস্যা আগামী ২ (দুই) দিনের মধ্যে সমাধানপূর্বক একটি পরিপূর্ণ ইআরপি সিস্টেমকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br>(গ) বিমানবন্দর প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার প্রতি সপ্তাহে এ কার্যালয়ে দাখিল করতে হবে এবং তা নিরীক্ষাপূর্বক (audit) সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ইআরপি'র মাধ্যমে প্রেরণ করতে হবে। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দর প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন বাবদ প্রদত্ত অর্থের ভাউচার সংগ্রহ করার জন্য সরেজমিনে গমনপূর্বক অডিট নিরীক্ষান্তে নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (খ) ইআরপি সিস্টেম ব্যবহারে হিসাব শাখার উদ্ভূত সমস্যা আগামী ২ (দুই) দিনের মধ্যে সমাধান করতে হবে এবং যথোপযুক্ত একটি পরিপূর্ণ ইআরপি সিস্টেম কিভাবে কাজ করে তা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করতে হবে।<br>(গ) বিমানবন্দর প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ প্রদত্ত অর্থের ভাউচার প্রতি সপ্তাহে এ কার্যালয়ে দাখিল করতে হবে এবং তা নিরীক্ষাপূর্বক (audit) সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ইআরপি'র মাধ্যমে প্রেরণ করতে হবে। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দর প্রবাসী কল্যাণ ডেস্ক হতে লাশ পরিবহন বাবদ প্রদত্ত অর্থের ভাউচার সংগ্রহ করার জন্য সরেজমিনে গমনপূর্বক অডিট নিরীক্ষান্তে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (আইআরপি)<br>পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩.০ | মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান। | প্রবাসী কর্মীদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান বাবদ প্রদত্ত অর্থ এবং নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত অর্থ মৃতের পরিবারের একাউন্টে সরাসরি প্রদানের নিমিত্ত ইএফটি (EFT) কার্যক্রম চালু করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যাংক কর্মকর্তার সাথে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ প্রদানের নিমিত্ত ইএফটি (EFT) কার্যক্রম চালু করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট ব্যাংকের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ৪.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জনবল কাঠামো মাঠ পর্যায়ের সম্প্রসারণের নিমিত্ত বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জনবল কাঠামো মাঠ পর্যায়ে সম্প্রসারণের নিমিত্ত কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন করা প্রয়োজন। কল্যাণ বোর্ডের বিদ্যমান 'আইন' অনুযায়ী কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও বাস্তবতার নিরীখে একটি পরিপূর্ণ অর্গানোগ্রাম তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জনবল কাঠামো মাঠ পর্যায়ে সম্প্রসারণের নিমিত্ত কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন করা প্রয়োজন। কল্যাণ বোর্ডের বিদ্যমান আইন অনুযায়ী উহার কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে বাস্তবতার নিরীখে একটি পরিপূর্ণ অর্গানোগ্রাম তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। । | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | জেলা প্রশাসনের কার্যালয়ের ওয়ার্কশপ | বিগত ০৯ জুলাই ২০১৮ তারিখ অনুষ্ঠিত জুন ২০১৮ এর মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিত করণের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে ওয়ার্কশপ আয়োজন এবং এতদসংক্রান্ত বিষয়ে প্রাক্কলিত বাজেট | জেলা প্রশাসকের কার্যালয়ে ওয়ার্কশপ আয়োজন সংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। পরিচালক (অর্থ ও কল্যাণ) এর নেতৃত্বে অন্যান্য পরিচালকগণ এ বিষয়ে একটি রূপরেখা প্রণয়ন করবেন। | | |
| ৬.০ | কর্মকর্তা/কর্মচারিদের যুগোপযোগী প্রবিধানমালা প্রণয়ন | সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিজস্ব আইন প্রতিষ্ঠিত হওয়ায় কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যমান চাকরি প্রবিধানমালা সংশোধনের প্রয়োজন দেখা দিয়েছে এবং ইতোমধ্যে কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যমান প্রবিধানমালা সংশোধনের উদ্যোগও নেয়া হয়েছে। এ বিষয়ে সহকারী পরিচালক জনাব মোঃ আবু সাঈদ বলেন, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রস্তাবিত প্রবিধানমালা যুগোপযোগী এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত চাকরি প্রবিধানমালা অনুসরণপূর্বক একটি যথাপোযুক্ত প্রবিধানমালা প্রণয়ন করার জন্য মহাপরিচালক এর নিকট অনুরোধ করেন। মহাপরিচালক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে মিল রেখে যুগোপযোগী একটি চাকরি প্রবিধানমালা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন-২০১৮ অনুসরণপূর্বক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যমান চাকরি প্রবিধানমালা সংশোধনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত স্বাশাসিত প্রতিষ্ঠানসমূহের একইরূপ চাকরি প্রবিধানমালা সংক্রান্ত আদেশ অনুযায়ী এবং নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক যুগোপযোগী একটি চাকরি প্রবিধানমালা প্রণয়ন করতে হবে। | পরিচালক (সকল) |
| ৭.০ | মালয়েশিয়া হাইকমিশন হতে মৃতের পরিবারের অনুকূলে ইস্যুকৃত ড্রাফ্‌ট এর সাথে মৃতের পূর্ণাঙ্গ ঠিকানা প্রদান। | মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন হতে প্রবাসে মৃত কর্মীর পরিবারের অনুকূলে ইস্যুকৃত ড্রাফ্‌ট প্রেরণ করা হয়। উক্ত ড্রাফ্‌টিতে শুধুমাত্র পাসপোর্ট নম্বর থাকলেও মৃতের কোনো ঠিকানা থাকে না, ফলে উক্ত চেকটি মৃতের পরিবারের নিকট বিতরণ করতে অসুবিধা হয়। মালয়েশিয়া হাইকমিশন হতে মৃতের পরিবারের অনুকূলে ইস্যুকৃত ড্রাফ্‌ট এর সাথে মৃতের পূর্ণাঙ্গ ঠিকানা দেয়ার জন্য হাইকমিশন বরাবর পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | মালয়েশিয়া হাইকমিশন হতে মৃতের পরিবারের অনুকূলে ইস্যুকৃত ড্রাফ্‌ট এর সাথে মৃতের পূর্ণাঙ্গ ঠিকানা দেয়ার জন্য হাইকমিশন বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। । | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।